যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪০

১/ বিবিধ

আরবী

إذا تغولت الغيلان فنادوا بالأذان

ضعيف

رواه ابن أبي شيبة في " المصنف " (12/44/1) : حدثنا يزيد بن هارون عن هشام بن حسان عن الحسن عن جابر بن عبد الله مرفوعا

وبهذا الإسناد أخرجه الإمام أحمد (3/381 ـ 382) وأبو يعلى (593 ـ 594) في حديث

وكذلك أخرجه أحمد (3/305) وابن السني في " عمل اليوم والليلة " (517) من طريقين آخرين عن هشام بن حسان به

وأخرجه ابن خزيمة في " صحيحه " (1/256/1) وكذا أبو داود (2570) ولكنه لم يسق لفظه

قلت: وهذا إسناد ضعيف، ورجاله ثقات، وإنما علته الانقطاع بين الحسن وهو البصري وجابر، فإنه لم يسمع منه كما قال أبو حاتم والبزار

وقد رواه البزار (4/34/3149) من طريقين عن يونس عن الحسن عن سعد بن أبي وقاص مرفوعا به نحوه. وقال البزار: لا نعلمه يروى عن سعد إلا من هذا الوجه، ولا نعلم سمع الحسن من سعد شيئا "

وقال الهيثمي (10/134)

" ورجاله ثقات إلا أن الحسن البصري لم يسمع من سعد فيما أحسب "

وله شاهد واه جدا من رواية عمر بن صبح عن مقاتل بن حيان عن نافع عن ابن عمر مرفوعا به

أخرجه بن عدي في " الكامل " (ق 244/1) وقال

" هذا الحديث بهذا الإسناد بعض متنه لا يعرف إلا من طريق عمر بن صبح عن مقاتل، وابن صبح منكر الحديث "

وقال الذهبي

" ليس بثقة ولا مأمون، قال ابن حبان: كان ممن يضع الحديث

وله شاهد آخر من حديث أبي هريرة مرفوعا به. وزاد

" فإن الشيطان إذا سمع النداء أدبر وله حصاص "

أخرجه الطبراني في " الأوسط " من حديث عدي بن الفضل عن سهيل بن أبي صالح عن أبيه عنه. وقال

" لم يروه عن سهيل إلا عدي "

قلت: وهو متروك كما قال الهيثمي (10/134)

والزيادة المذكورة عند مسلم (2/5 ـ 6) من طريقين عن سهيل به. وهذا يدل على نكارة ما زاده عدي عليها. ويؤكده أن في أحد الطريقين المشار إليهما عند مسلم عن سهيل قال: أرسلني أبي إلى بني حارثة، قال: ومعي غلام لنا أوصاحب لنا، فناداه مناد من حائط باسمه، قال: وأشرف الذي معي على الحائط فلم ير شيئا، فذكرت ذلك لأبي فقال: لوشعرت أنك تلقى هذا لم أرسلك، ولكن إذا سمعت صوتا فناد بالصلاة، فإني سمعت أبا هريرة يحدث عن رسول الله صلى الله عليه وسلم أنه قال

" إن الشيطان إذا نودي بالصلاة، ولى وله خصائص "

قلت: فهذا يبين أن هذه الزيادة التي تفرد بها عدي ـ وهو ابن الفضل ـ أصلها مقطوع من كلام أبي صالح والد سهيل، فرفعه عدي

বাংলা

১১৪০। যদি পিশাচ (ভূত) সমস্যা সৃষ্টি করে তাহলে তোমরা আযান দেয়া শুরু কর।

হাদিসটি দুর্বল।

হাদীসটি ইবনু আবী শাইবাহ "আল-মুসান্নাফ" গ্রন্থে (১২/৪৪/১) ইয়াযীদ ইবনু হারূন হতে, তিনি হিশাম ইবনু হাসসান হতে, তিনি আল-হাসান হতে, তিনি জাবের ইবনু আদিল্লাহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন।

এ সনদেই ইমাম আহমাদ (১৪৬৭২) ও আবু ইয়ালা (৫৯৩-৫৯৪) হাদীসটি বর্ণনা করেছেন। অনুরূপভাবে ভিন্ন দুটি সনদে ইমাম আহমাদ (১৩৮৬৫) ও ইবনুস সুন্নী "আমলুল ইয়াওম অল-লাইলাহ" গ্রন্থে (৫১৭) হিশাম ইবনু হাসসান হতে বর্ণনা করেছেন।

হাদীসটি ইবনু খুযাইমাহ তার “সহীহ” গ্রন্থে (১/২৫৬;১) ও আবু দাউদ (২৫৭০) ভিন্ন ভাষায় বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য হলেও এর সনদটি দুর্বল। কারণ এর সমস্যা হচ্ছে সনদে বিচ্ছিন্নতা। কারণ হাসান বাসরী আর জাবের (রাঃ) এর মধ্যে সাক্ষাৎ ঘটেনি। তিনি তার থেকে শুনেননি যেমনটি আবু হাতিম ও বায্যার বলেছেন। বাযযার অন্য দুটি সূত্রে হাসান বাসরী কর্তৃক সা’দ ইবনু আবী ওয়াক্কাস (রাঃ) হতে বর্ণনা করে বলেছেনঃ হাসান বাসরী সা’দ ইবনু আবী ওয়াক্কাস (রাঃ) হতে কিছু শ্রবণ করেছেন বলে আমরা জানিনা।

হায়সামী বলেনঃ বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য কিন্তু হাসান বাসরী সা’দ ইবনু আবী ওয়াক্কাস (রাঃ) হতে আমার ধারণা মতে শ্রবণ করেননি।

এর আরেকটি খুবই দুর্বল শাহেদ উমার ইবনু সুব্হ সূত্রে মুকাতিল ইবনু হিব্বান হতে ... বর্ণিত হয়েছে। এ ইবনু সুব্হ মুনকারুল হাদীস। হাফিয যাহাবী তার সম্পর্কে বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন, নিরাপদও নন। ইবনু হিব্বান তার সম্পর্কে বলেনঃ তিনি হাদীস জালকারীদের অন্তর্ভুক্ত ছিলেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72019

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন